

নরথামব্রিয়া [Northumbria]-তে

পুলিশিং প্লেড

আপনাদের কাছে আমাদের পরিষেবা প্রদান

নরথামব্রিয়া পুলিশ



*Total Policing*

[www.northumbria.police.uk](http://www.northumbria.police.uk)

## পুলিশিং প্লেজ কী?

সম্প্রদায়গুলি নরখামব্রিয়া পুলিশ- এর কাছে যে মানের পরিষেবা প্রত্যাশা করতে পারে পুলিশিং প্লেজ তাদের তা বলে।

1 জানুয়ারি 2009 তারিখে এটার প্রবর্তন করা হয় এবং দেশব্যাপী সমস্ত পুলিশবাহিনী এতে স্বাক্ষর করেছে।

## আপনার জন্য পুলিশিং প্লেজ-এর অর্থ কী?

আমরা আপনার স্থানীয় এলাকায় সেবা মানের পরিষেবা প্রদান করতে চাই। পুলিশিং প্লেজ দশটি মুখ্য বিষয়ের কর্তব্য দেয় যার উপর আমাদের পরিষেবা গঠিত হবে।

এগুলির মধ্যে আছে যা আপনি উল্টোপৃষ্ঠায় দেখতে পাচ্ছেন : আপনার স্থানীয় নেবরুহড পুলিশিং টিমস এবং আপনার এলাকায় অপরাধের বিষয়ে সহজে লাভ্য তথ্য, ঝাটতি ফোনের উত্তর দেওয়া এবং সবচেয়ে দক্ষভাবে আমরা যাতে প্রতিক্রিয়া করি তা নিশ্চিত করা।

এছাড়া আমরা আপনাদের স্থানীয় এলাকায় আরক্ষার বিষয়ে আপনাদের মতামত জানানোর জন্য আরো বেশি সুযোগ দেব এবং আপনার নেবরুহড পুলিশিং টিমস- এর সাথে সাক্ষাৎ করার সুযোগের সংখ্যা বাড়িয়ে দেব।

প্রত্যেক এলাকার নিজস্ব নেবরুহড পুলিশিং টিম আছে। এই দল আপনার এলাকায় কতক্ষণ টহল দেবে, আপনার জন্য তাদের সাথে যোগাযোগ করার সহজ উপায় এবং আপনার ফোনের উত্তর দেওয়ার জন্য নির্দিষ্ট সময় এই সকল সংক্রান্ত স্পষ্ট মান পুলিশিং প্লেজ- এ উল্লেখ করা আছে।

## আপনার এলাকায় স্থানীয় অগ্রাধিকারগুলি

আপনার উদ্বেগগুলির বিষয়ে আলোচনা করার জন্য এবং আপনার মতে আমাদের আরক্ষার অগ্রাধিকারগুলি কী হওয়া উচিত তা জানার জন্য আমরা নিয়মিত আপনাদের সাথে বৈঠক করব। আপনাদের অগ্রাধিকারগুলি আমাদের অগ্রাধিকারগুলিকে নির্ধারণ করতে সাহায্য করবে এবং আমরা আপনাদের আমাদের অগ্রগতির বিষয়ে অবগত রাখব।

**03456 043 043** নম্বরে আমাদের ফোন করুন

## পুলিশিং প্লেজ

### আপনাদের কাছে আমাদের পরিষেবা প্রদান

#### নরথামব্রিয়া পুলিশ :

1. শ্রদ্ধাসহকারে আপনার সাথে ন্যায্য ব্যবহার করবে এবং আপনার প্রয়োজনের সময় সহজলভ্য পরিষেবা প্রদান করবে।
2. আপনার নেবরহুড পুলিশিং টিম কারা এবং কীভাবে আপনি তাদের সাথে যোগাযোগ করতে পারেন তা বলবে।
3. আপনার এলাকায় যখন এবং যেখানে পুলিশ পাহারা আপনার সবচেয়ে দরকার তা বললে তারা তা নিশ্চিত করবে।
4. আপনার নেবরহুড পুলিশিং টিম- কে দেওয়া সমস্ত বার্তার দ্রুত প্রতিক্রিয়া করবে।
5. অবিলম্বে আপৎকালীন অবস্থায় উপস্থিত হবে, আনুমানিক পৌঁছানোর সময় জানিয়ে।
6. দ্রুত অজরুরি কলের উত্তর দেবে এবং আপনার চাহিদা মেটানোর জন্য আকক্ষা প্রদান করবে।
7. আপনার জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি আলোচনা করার জন্য আপনার নেবরহুড পুলিশিং টিম- এর সাথে নিয়মিত জনসভার আয়োজন করবে।
8. আপনার পাড়া নিরাপদ রাখার জন্য আমাদের শরিকদের সাথে আমরা কী করছি সেই বিষয়ে মাসিক সাম্প্রতিক খবর দেবে।
9. আক্রান্ত ব্যক্তির সাথে একমত হবে কত সচরাচর আমরা আপনার মামলার বিষয়ে আপনাকে অবগত রাখব এবং কত দিনের জন্য।
10. যে কোন নিকৃষ্ট পরিষেবার জন্য দ্রুত প্রতিক্রিয়া করবে এবং কীভাবে তা সামলানো হবে তাতে রাজি হবে।

আমরা আপনার জন্য আমাদের সাধ্যমত কাজ করতে চাই। আমরা যদি আমাদের পুলিশিং প্লেজ পূরণ করতে ব্যর্থ হই আমরা সর্বদা আমাদের অতীষ্ট উচ্চমান যা আপনি পাবার যোগ্য কেন অর্জন করতে পারি নি তার ব্যাখ্যা দেব।

অতিরিক্ত বিবরণের জন্য এবং পাড়ার অগ্রাধিকারগুলি ও আপনার নেবরহুড পুলিশিং টিম- এর সাথে দেখা করার সুযোগসহ সম্পূর্ণ পুলিশিং প্লেজ- এর জন্য [www.northumbria.police.uk](http://www.northumbria.police.uk) ওয়েবসাইট দেখুন অথবা **03456 043 043** এক্সটেনশন **69191** নম্বরে ফোন করুন।

**03456 043 043** নম্বরে আমাদের ফোন করুন

## আমাদের সাথে যোগাযোগ করা

মানুষদের জন্য আমাদের সাথে যোগাযোগ করা আমরা সহজ করতে চাই।

জরুরি অবস্থায়, যদি কোন ব্যক্তির জীবনের আশংকা থাকে অথবা একটি অপরাধ ঘটার সময়

**999** নম্বরে ফোন করুন

অন্য সব অপরাধ অথবা ঘটনা জানানোর জন্য, অথবা সাধারণ তথ্য ও পরামর্শের জন্য

**03456 043 043** নম্বরে ফোন করুন

অথবা

**07786 200 814** নম্বরে বার্তা পাঠান

বধিরদের জন্য

**মিনিকম 01661 820 915**

অথবা

**07786 200 815-এ বার্তা দিন**

আপনি যদি জানেন আপনি কার সাথে কথা বলতে চান তাহলে হয় আপনি একটি এক্সটেনশন নম্বর ডায়াল করবেন অথবা আমাদের আদানপ্রদান কেন্দ্রে কথা বলুন যেখানে কেউ হয় আপনাকে পরামর্শ দেবে অথবা একটি ঘটনা সৃষ্টি করবে, এবং জরুরি অবস্থা অনুযায়ী প্রতিক্রিয়ার ব্যবস্থা করবে।